



প্রতিদিন একবার হলেও  
আপনার প্রতিষ্ঠানের  
ই-মেইল ওপেন করুন

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (কৃষি/ টেক্সটাইল শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website : www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও বাকশিবে এর  
ওয়েবসাইট (www.bteb.gov.bd)  
ভিজিট করুন।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০১.১৯-৩৩

তারিখ : ১৩-০৫-২০১৯ খ্রিঃ

**ফলাফল প্রকাশ ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**  
**(ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারিজ/লাইভস্টক)**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জানুয়ারি ২০১৯ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারিজ/লাইভস্টক শিক্ষাক্রমের পরীক্ষার ফলাফল ০৮-০৫-২০১৯ তারিখ প্রকাশিত হয়েছে। উক্ত ফলাফল বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটে (Website : www.bteb.gov.bd) দেখা যাবে।

উত্তরপত্র পুনঃনিরীক্ষণ অন লাইনে এন্ট্রি সংক্রান্ত :

যে সকল পরীক্ষার্থী উক্ত ফলাফলে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ২১-০৫-২০১৮ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর সাদা কাগজে আবেদন করে নির্ধারিত ফি-সহ নিজ নিজ প্রতিষ্ঠানে জমা দিতে হবে। আবেদনের সাথে ফলাফল ও প্রবেশপত্রের কপি সংযুক্ত করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরীক্ষার্থীদের আবেদন ও নির্ধারিত ফি গ্রহণের পর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটের (Website:www.bteb.gov.bd) মাধ্যমে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/স্থগিত ফলাফল→প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে :

ক্রমিক নং	কার্যক্রমের বিবরণ	সম্পন্ন করার সময়সীমা	মন্তব্য
১.	অনলাইনে তথ্য এন্ট্রি করা	১৩/০৫/১৯ খ্রিঃ হতে ২১/০৫/১৯ খ্রিঃ পর্যন্ত	
২.	প্রতিষ্ঠান কর্তৃক ডিডি করার তারিখ	১৩/০৫/১৯ খ্রিঃ হতে ২১/০৫/১৯ খ্রিঃ পর্যন্ত	
৩.	এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট করা	২১/০৫/১৯ খ্রিঃ	
৪.	প্রিন্ট-আউট কপিসহ ডিডি বোর্ডে জমার শেষ তারিখ	২৩/০৫/১৯ খ্রিঃ	

পুনঃনিরীক্ষণ ফি বাবদ (বিষয় প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ ব্যাংক ড্রাফট/ডিডির (সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে। আবেদনকৃত পরীক্ষার্থীদের নিম্নের ছক অনুসারে তালিকা প্রস্তুত করে অনলাইনে এন্ট্রিকৃত তালিকার প্রিন্ট-আউট কপি প্রতিষ্ঠান প্রধানের ফরোয়ার্ডিং সহ উল্লিখিত তারিখের মধ্যে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। এ সংক্রান্ত ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে। উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত কাজে ছাত্র-ছাত্রীকে বোর্ডে প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	রোল নম্বর	রেজিস্ট্রেশন নম্বর ও সেশন	পুনঃ নিরীক্ষণের বিষয় কোড	টাকার পরিমাণ (প্রতি বিষয় ৩০০ টাকা হারে)	ডিডি নম্বর, তারিখ ও শাখার নাম	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

বিঃ দ্রঃ অনলাইনে আবেদন করার সময় সোনালী ব্যাংকের ডিডি নম্বর, তারিখ ও শাখার নাম এন্ট্রি করতে হবে।

স্বাঃ/-

(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০১.১৯-৩৩(২০২)

তারিখ : ১৩-০৫-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হ'লঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[দৃষ্টি আকর্ষণ ও অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়]
- ২। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ৩। মহা পরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশিক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ৫-৮। সচিব/পরিচালক(কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯-১৯৪। অধ্যক্ষ/পরিচালক.....সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি এগ্রিকালচার ও ফিসারিজ ইন্সটিটিউট।
- ১৯৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশসহ অনলাইনে আবেদন সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ।)
- ১৯৬-১৯৭। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(গোপনীয়)/কারিকুলাম বিশেষজ্ঞ-(টেক্সটাইল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৯৮। উপ-পরিচালক-(হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৯৯। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০০। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০২। অফিস নথি।



(মোহাম্মদ আলী মিয়া)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন- ০২ ৪৮১১০৯৪৯ (অফিস)